মেহেরপুরে নতুন আরও ৬৭ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৬৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ৩৬ জন, গাংনীতে ২৮ জন মুজিবনগর ৩ জন। মঙ্গলবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২০৯টি। তারমধ্যে ৬৭ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭১০ জন।

তার মধ্যে সদরে ২৪৭ জন, গাংনীতে ৩৪৮ জন এবং মুজিবনগরে ১১৭ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৬৫ জন (মঙ্গলবার সকাল ৮ পর্যন্ত মৃত্যুবরণ করেছে ৩ জন)।

মৃতদের মধ্যে সদরে ২৩ জন, গাংনী ২৬ জন ও মুজিবনগরে ১৬ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজাসহ আটক -১

চুয়াডাঙ্গার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করে দামুড়হুদা উপজেলায় জয়রামপুরে গ্রামে গাঁজাসহ মানিক হোসেন নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

অধিদপ্তরের সদস্যরা দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামে তার বাড়িতে ১০ গ্রাম গাঁজাসহ তাকে আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালতে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত মানিক হোসেন (৫০) জয়রামপুর হাজীপাড়ার মৃত মনছের আলীর ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, আজ মঙ্গলবার গোপণ সংবাদের ভিত্তিতে বেলা ৪ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ সঙ্গীয় ফোর্স নিয়ে মানিক হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। এসময় মানিকের শিকারোক্তিতে তার ঘরে তল্লাশি চালিয়ে ১০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মানিক হোসেনকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২শ’ টাকা জরিমানা করেন। সাজাপ্রাপ্ত মানিক হোসেনকে জেলা কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ জানান, মানিক হোসেন এলাকার একজন চিহ্নিত মাদক ব্যাবসায়ী। এর আগেও তাকে গাঁজা ও ফেনসিডিলসহ আটকের পর সাজা দেয়া হয়েছিল। জেল থেকে বের হয়ে আবার মাদক ব্যাবসা শুরু করে। মঙ্গলবার গোপণ সংবাদের ভিত্তিতে গাঁজাসহ তাকে আটকের পর ভ্রাম্যমাণ আদালতে সাজা দেয়া হয়েছে।

মৃত চিকিৎসকের পদায়ন মেহেরপুর জেনারেল হাসপাতালে

মৃত্যুর প্রায় ১ বছর পরে ডা. এসএম নুরুদ্দীন আবু আল বাকী রুমির মেহেরপুর জেনারেল হাসপাতালে কোভিড ইউনিটের দায়িত্ব পালনের জন্য পদায়ন করেছে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়।

গত ৫ জুন মন্ত্রণালয়ের উপসচিব জাকিয়া পারভীন স্বাক্ষরিত প্রজ্ঞাপনে তাকে সহ ১৫ জন চিকিৎসককে কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে সংযুক্তিতে পদায়ন করা হয়েছে। কোভিড মহামারী পরিস্থিতি মোকাবেলায় মেহেরপুর জেনারেল হাসপাতালে ৭ জুলাই-২১ এর মধ্যে তাঁরা যোগদান না করলে বর্তমান কর্মস্থল থেকে তাৎক্ষণিক অবমুক্ত হিসেবে গণ্য হবেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

ডা: এসএম নুরুদ্দীন আবু আল বাকী রুমি গত বছরের ১৭ জুলাই কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে করোনা রোগীদের সেবা দিতে গিয়ে নিজেই করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন। তিনি মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের কৃতি সন্তান।

মৃত চিকিৎসকের পদায়নে সমালোচনার ঝড় হয়েছে সোশ্যাল মিডিয়া ও বিভিন্ন মহলে। প্রায় এক বছর আগে মৃত্যুবরণকারী একজন চিকিৎসক মন্ত্রণালয়ের খাতায় চাকরিতে কর্মরত। এটিকে কাণ্ডজ্ঞানহীন কান্ড বলে উল্লেখ করেছেন অনেকেই।

ঝিনাইদহে করোনায় গত ২৪ ঘন্টায় সর্বোচ্চ ২৩০ জন আক্রান্ত

ঝিনাইদহে করোনার ভয়াল থাবা শুরু হয়েছে। জেলায় প্রতিদিন বাড়ছে করোনায় আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। গত ২৪ ঘন্টায় ৫৯১ নমুনা পরীক্ষায় নতুন করে ২৩০ জন করোনায় আক্রান্ত হয়েছে। এছাড়া ২৪ ঘন্টায় ১ জনের মৃত্যু হয়েছে।

ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, মঙ্গলবার সকালে ঝিনাইদহ ও কুষ্টিয়া ল্যাবে ৫৯১ নমুনা পরীক্ষায় নতুন করে ২৩০ জনের শরীরে করোনা পজেটিভ এসেছে। এর মধ্যে ঝিনাইদহ সদরে ৯৯, শৈলকুপায় ২৭, হরিণাকুণ্ডুতে ১৮, কালীগঞ্জে ৪৫, কোটচাঁদপুরে ২১ ও মহেশপুরে ২০ জন আক্রান্ত হয়েছেন। এছাড়াও গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ সদর উপজেলায় ১ জনের মৃত্যু হয়েছে।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ৫ হাজার ২০ জনে, সুস্থ হয়েছেন ৩ হাজার ৮৫, মৃত্যু হয়েছে ১০৮ জন। জেলায় মোট নমুনা পরীক্ষা হয়েছে ১৯ হাজার ২’শ ১ জনের, মোট ফলাফলের সংখ্যা ১৮ হাজার ৩’শ ৭৩, মোট নেগেটিভ ফলাফল ১৩ হাজার ৩’শ ৫১।

মেহেরপুরে লকডাউনের ষষ্ঠ দিনে সেনাবাহিনীর অভিযান

মেহেরপুরে লকডাউনের ষষ্ঠ দিনে পুলিশের পাশাপাশি সেনাবাহিনীর সদস্যরা মেহেরপুর শহরে জনসচেতনামূলক অভিযান চালিয়েছে। লকডাউন কার্যকর করতে মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয় চত্বরে শুরু করে হোটেল বাজার, বড়বাজার, কাথুলী বাসস্ট্যান্ড, ছহিউদ্দিন ডিগ্রী কলেজ এবং কলেজ মোড় পর্যন্ত সচেতনামূলক অভিযান চালায় সেনাবাহিনী।

মেহেরপুর পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ মেহেদী হাসান, বাংলাদেশ সেনাবাহিনীর যশোর সেনানিবাসের ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি রওশন আলম এর নেতৃত্বে সেনাবাহিনীর সদস্য এবং মেহেরপুর সদর থানা পুলিশের সদস্যরা জনসচেতনামূলক অভিযানে অংশগ্রহণ করেন এবং বিনা কারণে বাইরে ঘোরাঘুরি করার কারণে মোবাইল কোর্টের মাধ্যমে সদর উপজেলার গোভীপুর গ্রামের রাইয়ানকে ৩০০ টাকা, হোটেল বাজার এলাকার রাশেদুল রহমান কে ২০০ টাকা এবং বড় বাজার এলাকার তপন কুমার বিশাস ১০০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

শৈলকুপায় গত ২৪ ঘণ্টায় করোনায়

৩ জনের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপার আলোচিত টিকটক আশরাফুল ওরফে বস রাফির পিতা মৃত্যুবরণকরেছেন, তার পিতার নাম আয়নুদ্দিন মন্ডল(৭০) । জানা যায়, সোমবার রাত সাড়ে ১১টার দিকে উপজেলার নাদপাড়া গ্রামে তার মৃত্যু হয়। মৃতআয়নুদ্দিন মন্ডল ভারতের বেঙ্গালুরে নারীপাচার ও নির্যাতনের মূল হোতা টিকটক আশরাফুল ওরফে বস রাফির পিতা।

তিনি বেশ কয়েকদিন করোনাউপসর্গ নিয়ে জ¦র কাশি,সর্দ্দি রোগে বাড়িতে ভুগছিলেন বলে এলাকাবাসিরা জানান। নাদপাড়া গ্রামের আব্দুল কাদের জানান, টিকটক আশরাফুলের পিতাআয়নুদ্দিন মন্ডল করোনা উপসর্গ নিয়ে কয়েকদিন বাড়িতে ভোগার পরসোমবার রাতসাড়ে ১০টার দিকে তার মৃত্যু হয়।

এছাড়া একই দিন সোমবার দুপুরে একই গ্রামের হোসেনআলীমোল্লা(৮০) , নজির বিশ্বাস ৬৫ করোনা আক্রান্ত হয়ে মারা যায়, তিনি পৌরএলাকার কবিরপুরের বাসিন্দার, শৈলকুপা উপজেলাস্বা¯’◌্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ সুজায়েত বিষয় টি নিশ্চিত করেছেন।

মেহেরপুরে করোনায় ৩ জনের মৃত্যু

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ও উপসর্গ নিয়ে তিন জনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকাল থেকে দুপুরে মধ্যে তাদের মৃত্যু হয়। মারা যাওয়া তিন জন হলেন গাংনী উপজেলার দেবীপুর গ্রামের আমিরুর ইসলাম (৬০) একই উপজেলার শহড়াতলা এলাকার কিরু ইসলাম (৫০) ও মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর গ্রামের সুফিয়া খাতুন (৫৫) মৃত্যবরণ করেন। হাসপাতাল সূত্রে জানা গেছে, সকলেই জ্বর, সর্দি, কাশি, গলা ব্যথা ও শ্বাসকষ্ট নিয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ইউনিটে ভর্তি হয়েছিলেন। মঙ্গলবার চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

[redacted]

[redacted]

প্রতিষ্ঠান। পাশাপাশি নারী ও শিশুদের কোরআন শিক্ষা দান, মেডিকেল ক্যাম্প, শিক্ষার্থীদের হাতের লেখা ও ছবি আঁকানো শেখানোসহ হরিজন পল্লীতে বিনামূল্যে লেখাপড়ার ব্যবস্থাসহ গেলো বছর থেকে করোনাকালীন সংকটে মানুষের মাঝে বিনামুল্যে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, ঔষধ ও কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ ও সামাজিক সচেতনতা সৃষ্টি করাসহ সামাজিক বিভিন্ন কর্মকান্ডের সাথে সম্পৃক্ত রয়েছেন।

দর্শনায় ৫ম দিনের লকডাউনে ১৩ জনকে জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় ৫ম দিনের লকডাউনে কঠোর থেকে কঠোর করতে এবার ম্যাজিস্ট্রেট, পুলিশের পাশাপাশি সেনাবাহিনীর টহল দিতে দেখা গেছে। লকডাউন চলাকালীন আইন অমান্য করায় ও স্বাস্থ্য বিধি না মানার কারনে সোমবার দিন ব্যাপী মোবাইল কোর্টের মাধ্যমে দর্শনায় ৯ টি মামলায় ১৩ জনকে ৯ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা বাসষ্ট্যান্ড চত্বরে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, অন্যান্য জেলার তুলনায় আমাদের সীমান্তবর্তী জেলা চুয়াডাঙ্গাতে ভারতীয় ভেরিয়েন্ট সংক্রমণ সংখ্যা বেশি যার ফলে নিয়মকানুন ও সতর্কতাও বেশি। তবে অন্যান্য জেলাতে যেমন অক্সিজেন সংকট দেখা দিয়েছে আমাদের চুয়াডাঙ্গা সদর হাসপাতালে সেই সমস্যাটা নাই অক্সিজেন পর্যাপ্ত আছে কিন্তু চিকিৎসার জন্য লোকবল কম তবে সেটাও পূরণ করা হবে। সেই সাথে আমাদের সদর হাসপাতালের জন্য আরও ২ টা আইসিইউ বেড সংযোজন করা হবে এবং পিসিআর ল্যাব স্থাপন করা হবে। সেটা যেন দ্রুত হয় সে জন্য আমরা সর্বাত্মক চেষ্টা করছি।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ তারিক উজ-জামান, সেনাবাহিনীর ৫৫ ডিপের ১৯ রেজিমেন্ট এর ক্যাপ্টেন তোহাসীন, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহাব্বুর রহমান কাজল, অফিসার

ইনচার্জ (অপারেশন) আবু সাইদ, সেকেন্ড অফিসার এস.আই আহম্মেদ বিশ্বাস, পেশকার ইকলাছ হোসেন সহ দর্শনা থানার পুলিশ ফোর্স।

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদকবিরোধী অভিযান ভ্রাম্যমাণ আদালতে জেল-জরিমানা

দামুড়হুদা উপজেলায় করোনা সংকটে সব থমকে গেলেও থামেনি মাদকের করাবার, হাত বাড়ালেই মিলছে সব ধরনের মাদকদ্রব্য। সোমবার জেলা পুলিশের মানবিক পুলিশ সুপার জাহিদুল ইসলামের নির্দেশে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক নেতৃত্বে থানা পুলিশের একটি চৌকস টিম উপজেলার দামুড়হুদা সদরে চিৎলা গ্রামে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

অভিযান পরিচালনা কালে তিন যুবক নিজ বসত ঘরে বসে গাঁজা সেবন করার অপরাধে আটক করেন। পরবর্তীতে ঘটনা স্থলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ উপস্থিত হয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালত পরিচালনা কালে আটক কৃত মাদক সেবন কারী তিন যুবক তাদের অপরাধ স্বীকার করে ক্ষমা চান।

এসময় ভ্রাম্যমাণ আদালতে বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ প্রত্যেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(৫) ধারায় তিন দিনের জেল ও ১’শ টাকা করে জরিমানা করেন।

সাজা প্রাপ্তরা হলেন, চিৎলা তেঁতুল তলা পাড়ার গোপাল দাসের ছেলে লক্ষ্মণ, আনন্দ দাসের ছেলে রিপন ও বিমল দাসের ছেলে লিটন।আদালত পরিচালনা কালে বাংলাদেশ বর্ডার গার্ডের সদস্যরা সহযোগিতা করেন।